বাংলাদেশ ফরেন সার্ভিস এসোসিয়েশন
সেগুনবাগিচা, ঢাকা

ডা. মঈন উদ্দিনের মৃত্যুতে বাংলাদেশ ফরেন সার্ভিস এসোসিয়েশনের শোক ও সমবেদনা

১৫ এপ্রিল ২০২০: সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের মেডিসিন বিভাগের সহকারী অধ্যাপক এবং বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের ২২তম ব্যাচের সদস্য ডা. মঈন উদ্দিন আজ ভোর ৪:৩০ ঘটিকায় ইন্তেকাল করেন (ইন্না-লিল্লাহ ওয়া ইন্না ইলাহি রাজিউন)। তিনি করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে গত ০৮ এপ্রিল হতে কুর্মিটোলা হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই ছেলে এবং অসংখ্য গুনগ্রাহী ও শুভাকাঙ্খী রেখে যান। তাঁর অকাল ও আকস্মিক মৃত্যুতে বাংলাদেশ ফরেন সার্ভিস এসোসিয়েশন শোকাবিভূত এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করছে এবং তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে। মহান আল্লাহ তাঁকে জান্নাতবাসী করুন।

ডা. মঈন উদ্দিন বাংলাদেশে করোনা ভাইরাসের বিস্তারে সৃষ্ট মহামারী মোকাবেলায় জীবনের ঝুঁকি নিয়ে দায়িত্ব পালন করে আসছিলেন এবং জনগণকে সেবা প্রদান করছিলেন। তাঁর এই আত্মত্যাগকে বাংলাদেশ ফরেন সার্ভিস এসোসিয়েশন সশ্রদ্ধচিত্তে স্মরণ করছে। একজন নিবেদিত প্রাণ চিকিৎসক হিসেবে ডা. মঈন দেশ ও জাতির এই ক্রান্তিলগ্নে যে দায়িত্বশীলতার পরিচয় দিয়েছেন তা সরকারী চাকুরীজীবিসহ সকল দায়িত্বশীলদের জন্য অনুপ্রেরণা যোগাবে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃঢ় নেতৃত্বে স্বাস্থ্যকর্মী, পুলিশ, সামরিক বাহিনী, মাঠ প্রশাসন সহ করোনা প্রতিরোধে যারা সম্মুখে থেকে দেশবাসীকে সেবা দিয়ে যাচ্ছেন তাঁদের প্রতি বাংলাদেশ ফরেন সার্ভিস এসোসিয়েশন গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করছে। বাংলাদেশ ফরেন সার্ভিস এসোসিয়েশন জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে করোনা মোকাবেলায় সরকারের সিদ্ধান্ত ও নীতিমালা বাস্তবায়নে বদ্ধপরিকর।